


বুধবার হোটেল ওয়েস্টিনে সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন আইএফআইসি ব্যাংক-সমকাল শিল্প ও বাণিজ্য পুরস্কার জুরি বোর্ডের চেয়ারম্যান ড. মোহাম্মদ ফরাসউদ্দিন (মাঝে)। এ সময় আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শাহ আলম সারওয়ার ও সমকালের নির্বাহী সম্পাদক মুস্তাফিজ শফি উপস্থিত ছিলেন ■ সমকাল

# আইএফআইসি ব্যাংক-সমকাল দেবে শিল্প ও বাণিজ্য পুরস্কার

■ **সমকাল প্রতিবেদক**

উদ্যোক্তাদের সাফল্যের স্বীকৃতি দেওয়ার উদ্যোগ নিয়েছে আইএফআইসি ব্যাংক ও দৈনিক সমকাল। গতকাল বুধবার এক সংবাদ সম্মেলনে 'আইএফআইসি ব্যাংক-সমকাল শিল্প ও বাণিজ্য পুরস্কার' নামে উদ্যোক্তাদের পুরস্কার দেওয়ার ঘোষণা দেওয়া হয়েছে। চার ক্যাটাগরিতে এ পুরস্কার দেওয়া হবে। এ ছাড়া জুরি বোর্ডের বিবেচনায় একজন উদ্যোক্তাকে দেওয়া হবে আজীবন সম্মাননা।

গতকাল রাজধানীর গুলশানে হোটেল ওয়েস্টিনে আয়োজিত এ সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন পুরস্কারের জন্য গঠিত জুরি বোর্ডের প্রধান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

# আইএফআইসি ব্যাংক-সমকাল

[শেষ পৃষ্ঠার পর]

নির্বাহী কর্মকর্তা শাহ আলম সারওয়ার ও সমকালের নির্বাহী সম্পাদক মুস্তাফিজ শফি। এ সময় উপস্থিত ছিলেন আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক এম. এম. হাইকেল হাশমী, শাহ মোহাম্মদ মঈনউদ্দিন, হেড অব করপোরেট কমিউনিকেশন অ্যান্ড ব্র্যান্ডিং মো. আসাদুজ্জামান, সমকালের ফিচার সম্পাদক মাহবুব আজীজ, বিজনেস এডিটর জাকির হোসেন, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার ইমরান কাদির প্রমুখ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, উদ্যোক্তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে ১০ সদস্যের জুরি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পুরস্কারের জন্য চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হবে। চারটি ক্যাটাগরি হলো- বর্ষসেরা বৃহৎ শিল্প উদ্যোগ, বর্ষসেরা নারী উদ্যোক্তা, উদীয়মান তরুণ উদ্যোক্তা ও সেরা এসএমই উদ্যোগ। পুরস্কারের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে হবে। আজীবন সম্মাননার জন্য কোনো আবেদনের প্রয়োজন হবে না। জুরি বোর্ড তাকে মনোনীত করবে।

সমকাল ও আইএফআইসি ব্যাংকের এ উদ্যোগকে স্বাগত জানিয়ে ড. মোহাম্মদ ফরাসউদ্দিন বলেন, এদেশের উদ্যোক্তারা সোনার বাংলা গঠনে অসামান্য অবদান রেখেছেন। তারা বাংলাদেশকে এগিয়ে নিয়ে গেছেন। তিনি বলেন, এদেশকে তলাবিহীন ঝুড়ি বলা হয়েছিল। সার্বভৌম দেশ হিসেবে বাংলাদেশ টিকবে কি-না, তা নিয়েও সন্দেহ পোষণ করা হয়েছিল। বাংলাদেশ আজ অর্থনৈতিক অগ্রগতিতে বিস্ময় সৃষ্টি করতে পেরেছে। তিনি তার বক্তব্যে শোকের মাস আগস্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানান।

মোহাম্মদ ফরাসউদ্দিন আরও বলেন- কৃষক, শ্রমিক ও অসাধারণ দক্ষ উদ্যোক্তারা বাংলাদেশকে এগিয়ে নিয়ে গেছেন। আর বর্তমান সরকারপ্রধান শেখ হাসিনা দেশের উন্নয়নে নেতৃত্ব দিয়েছেন। জিডিপি, মাথাপিছু আয় ও সামাজিক সূচকে উন্নতির বিভিন্ন পরিসংখ্যান দিয়ে তিনি বলেন, এক সময়কার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার বাংলাদেশ নিয়ে সস্তা মন্তব্য করেছিলেন। কিন্তু কয়েক বছর আগে তিনি এক সাক্ষাৎকারে বলেন, বিশ্বের অনেক দেশের রাষ্ট্রপ্রধানের সঙ্গে তার (কিসিঞ্জার) কথা হয়েছে। কিন্তু একজন মুজিবের সঙ্গে কথা বলা ছিল অনেক আনন্দের। ফরাসউদ্দিন বলেন, পাকিস্তানের ডন পত্রিকা সম্প্রতি লিখেছে, এক সময় যে অঞ্চলকে পাকিস্তান অপ্রয়োজনীয় মনে করত, সেই বাংলাদেশ এখন সারাবিশ্বের মধ্যে অন্যতম নন্দিত অর্থনীতির দেশ।

সংবাদ সম্মেলনে শাহ আলম সারওয়ার বলেন, প্রথম প্রজন্মের ব্যাংক হিসেবে আইএফআইসি তার কর্মকাণ্ডে সব সময় ভালো কিছুর সঙ্গে জড়িত থাকার চেষ্টা করে। 'আইএফআইসি ব্যাংক সাহিত্য পুরস্কার' নামে আগে থেকে একটি ভালো উদ্যোগ রয়েছে। সমাজের বিভিন্ন পর্যায়ে তা প্রশংসিত। সমকালের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প ও বাণিজ্য পুরস্কারও ভালো মানের হবে বলে তার বিশ্বাস। তিনি বলেন, উদ্যোক্তারা এদেশে বিপ্লব ঘটিয়েছেন। মানুষের অদম্য সাহস ও উদ্ভাবনী চিন্তাকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে ভূমিকা রেখেছেন তারা।

পুরস্কারের আবেদন প্রক্রিয়াসহ বিভিন্ন দিক তুলে ধরে মুস্তাফিজ শফি বলেন, সমকাল-ব্র্যাক ব্যাংক সাহিত্য পুরস্কার এদেশের সাহিত্য জগতে ব্যাপক গ্রহণযোগ্য ও প্রশংসিত। এর পেছনে সবচেয়ে বড় কারণটি হলো সম্পূর্ণ নিরপেক্ষতা বজায় রেখে জুরি বোর্ডের সিদ্ধান্তের আলোকে পুরস্কার দেওয়া হয়। আইএফআইসি ব্যাংকের সঙ্গে যুক্ত হয়ে চালু করা শিল্প ও বাণিজ্য পুরস্কারও তেমন হবে বলে তিনি আশা করেন। তিনি বলেন, সমাজের নানা দিক নিয়ে সমকাল কাজ করে। এর ধারাবাহিকতায় শিল্প ও বাণিজ্য পুরস্কার চালু করা হলো। আশা করা যায়, এটাও দেশের সবচেয়ে সম্মানজনক শিল্প ও বাণিজ্য পুরস্কারে পরিণত হবে। তিনি জানান, প্রাথমিকভাবে প্রতিটি পুরস্কারের অর্থমূল্য ২ লাখ টাকা ধরা হয়েছে। এর সঙ্গে থাকবে একটি ক্রেস্ট।

**যেভাবে আবেদন করা যাবে :** সমকাল কার্যালয় থেকে ফরম সংগ্রহ অথবা http:/www.samakal.com/industry.businessaward 2018-এই লিংক থেকে ডাউনলোড করে আবেদন ফরম পূরণ করতে হবে। আগামী ১ সেপ্টেম্বরের মধ্যে আবেদন করতে হবে। আবেদনকারীর ১ জুলাই ২০১৭ থেকে ৩০ জুন ২০১৮ পর্যন্ত আর্থিক পারফরম্যান্সকে সর্বশেষ বছর হিসেবে গণনা করা হবে। আবেদনকারী উদ্যোক্তাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। ঋণখেলাপি, করখেলাপি উদ্যোক্তা আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

প্রদত্ত তথ্য-উপাত্ত সংক্রান্ত নথিপত্র বা সাপোর্টিং ডকুমেন্টস যাচাই করা সমকাল ও আইএফআইসি ব্যাংকের এক্তিয়ারভুক্ত। সমকাল ও আইএফআইসি ব্যাংক যে কোনো অথবা সকল আবেদন বা মনোনয়ন গ্রহণ বা বাতিল, বিজয়ী নির্বাচন প্রক্রিয়ায় পরিবর্তন বা পরিমার্জন এবং এ সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বা বাতিল করতে পারবে। যে কোনো তথ্যের জন্য- আইএফআইসি ব্যাংক-সমকাল শিল্প ও বাণিজ্য পুরস্কার ২০১৮। ১৩৬, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন : ০২৮৮৭০১৭৯-৮৫, ই-মেইল : industry.businessaward2018@gmail.com এই ঠিকানায় যোগাযোগ করা যাবে।